২য় পরিষদের ১৯তম কর্পোরেশন সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ	:	২৩ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ ।। ০৭ জানুয়ারি ২০২৩
সময়	:	সকাল ১০.০০ ঘটিকায়
স্থান	:	ঢালী'স আম্বার নিবাস, মুন্সিগঞ্জ।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক”

১.১ পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং ৫২ এর সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ ফরিদ আহমেদ। অতপর সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সূচনা বক্তব্য শুরু করেন। তীব্র শীত উপেক্ষা করে সভায় উপস্থিত থাকার জন্য সম্মানিত কাউন্সিলরদের ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, আজকের কর্পোরেশন সভা ডিএনসিসি পরিবারকে মিলিত করার জন্য ক্ষুদ্র প্রয়াস। সুন্দর পরিবেশে কর্পোরেশন সভা আয়োজনের জন্য আয়োজনের সাথে সংশ্লিষ্ট সকলকে করতালির মাধ্যমে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

১.২ এ পর্যায়ে সভাপতির অনুমতিক্রমে সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এজেন্ডাভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডাভিত্তিক আলোচনায় নিম্নরূপ আলোচনা হয়:

আলোচ্যসূচি-১	:	**বিগত কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ।**
আলোচনা	:	বিগত ২৭ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় পরিষদের ১৮তম কর্পোরেশনসভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ২য় পরিষদের ১৮তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।
সিদ্ধান্ত	:	২য় পরিষদের ১৮ তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-২	:	**২য় পরিষদের ১৮ তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।**
আলোচনা	:	বিগত ২৭ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় পরিষদের ১৮তম কর্পোরেশন সভার বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয় এবং গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় প্রধান ও আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণকে আহ্বান জানানো হয়।
সিদ্ধান্ত	:	বিগত ২৭ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় পরিষদের ১৮তম কর্পোরেশন সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	বিভাগীয় প্রধান (সকল)/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৩	:	**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাথে আমেরিকার মিশিগানের ডেট্রয়েট সিটির “সিস্টার সিটি” চুক্তি সম্পাদন প্রসঙ্গে।**
আলোচনা	:	প্রধান নগর পরিকল্পনাবিদ সভাকে জানান যে, “সিস্টার সিটি” চুক্তি সম্পাদনের ফলে আমেরিকার মিশিগানের ডেট্রয়েট সিটির সাথে একটি পারস্পারিক সহযোগিতার সম্পর্ক স্থাপিত হবে। দুটি দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক দীর্ঘস্থায়ী হবে। পরস্পর সংস্কৃতি, খেলাধুলা, শিক্ষা, বিজ্ঞান

ব্যবসা বাণিজ্যসহ বিভিন্ন বিষয়ে দ্বিপক্ষীয় সম্পর্ক গড়ে উঠবে। জয়েন্টভেঞ্চারে ব্যবসা বাণিজ্য সম্প্রসারণের সুযোগ সৃষ্টি হবে। আইন বিভাগের আইনজীবীর মতামত অনুযায়ী এ ধরণের সমঝোতা স্বাক্ষরে আইনগত কোন বাধা নেই, কিন্তু কিছু বিষয়ে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের প্রয়োজন রয়েছে।

তিনি বলেন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাথে আমেরিকার মিশিগানের ডেট্রয়েট সিটি'র 'সিস্টার সিটি' চুক্তিটি গত ১৩/১২/২০২২ তারিখে আইন বিভাগ কর্তৃক ভেটিং করা হয়েছে। ভেটিংকৃত খসড়া MoUটি সম্পন্ন করে বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হলে, উক্ত বিভাগ থেকে জানানো হয় যে, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন), আইন ২০০৯ অনুযায়ী সিটি কর্পোরেশন কর্তৃক সম্পাদিত সকল চুক্তি কর্পোরেশন সভায় অনুমোদিত হবার পর চূড়ান্ত হওয়ার বাধ্যবাধকতা রয়েছে। এই চুক্তিটি স্বাক্ষরিত হওয়ার তারিখ হতে ৫ বছর পর্যন্ত কার্যক্রম থাকবে।

অতপর তিনি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাথে আমেরিকার মিশিগানের ডেট্রয়েট সিটির "সিস্টার সিটি" চুক্তি সম্পাদন বিষয়টি অনুমোদনের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাথে আমেরিকার মিশিগানের ডেট্রয়েট সিটির "সিস্টার সিটি" চুক্তি সম্পাদনের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন : প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৪ : ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বনানী সুপার মার্কেট কাম হাউজিং কমপ্লেক্স এর উপরিস্থিত তলাসমূহ নির্মাণ কাজের বিষয়ে বোরাক রিয়েল এস্টেট লিঃ কর্তৃক গত ১২/০৯/২০২২ইং তারিখে দাখিলকৃত প্রস্তাবনা উপস্থাপন ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা : সভার শুরুতে প্রকৌশল বিভাগের পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, গত ২৭ নভেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় পরিষদের ১৮তম কর্পোরেশন সভায় বনানী সুপার মার্কেট কাম হাউজিং কমপ্লেক্স এর উপরিস্থিত তলাসমূহ নির্মাণ কাজের অমীমাংসিত বিষয়ে উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

> "বনানী সুপার মার্কেট কাম হাউজিং কমপ্লেক্স এর উপরিস্থিত তলাসমূহ নির্মাণ কাজের বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদনটি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়"।

অতঃপর আলোচনায় অংশ নিয়ে সভার সভাপতি বলেন, গত ১২/০৯/২০২২ইং তারিখে উদ্যোগী সংস্থা বোরাক রিয়েল এস্টেট লিঃ কর্তৃক এ সংক্রান্তে একটি প্রস্তাবনা প্রদান করেন। বোরাক রিয়েল এষ্টেট প্রাঃ লিঃ এর প্রস্তাবনা এবং এ সংক্রান্তে গঠিত কমিটির প্রতিবেদনটির বিষয়ে বিষদ/পূর্নাঙ্গ প্রস্তাব সভাকে অবহিত করার অনুরোধের প্রেক্ষিতে বনানী সুপার মার্কেট কাম হাউজিং কমপ্লেক্স-এর শেয়ার পূর্নবন্টন সংক্রান্তে উদ্যোগী সংস্থার গত ১২/০৯/২০২২খ্রিঃ তারিখের শেয়ার বন্টনের পূর্ন প্রস্তাব এবং এ সংক্রান্তে গঠিত কমিটির প্রতিবেদন সভায় প্রকৌশল বিভাগ কর্তৃক উপস্থাপন করা হয়, যা নিম্নরুপঃ

বোরাকের প্রস্তাব অনুযায়ী As built Drawing অনুযায়ী ১৪ তলা পর্যন্ত ডিএনসিসি'র প্রাপ্য যোগ্য ফ্লোর এরিয়ার সার সংক্ষেপ নিম্নরূপঃ

বিবরণ	মোট Net আয়তন (বর্গফুট)	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রাপ্ত নেট শেয়ার (বর্গফুট/ পার্কিং সংখ্যা)	বোরাক রিয়েল এস্টেট লিঃ এর প্রাপ্ত শেয়ার (বর্গফুট/ পার্কিং সংখ্যা)
Shopping	৩৮,৩৮০	৯,১০২	২৯,২৭৮
Office/ Commercial	৩,৫৩,৩০৮	১,০৬,০০০ (৩০% নেটএরিয়া)	২,৪৭,৩০৮ (৭০% নেটএরিয়া)

No of commercial parking	১৪৯	৬৫	৮৪
Total Net Area	৩,৯১,৬৮৮ বর্গফুট	১,১৫,১০২ বর্গফুট	২,৭৬,৫৮৬ বর্গফুট

উক্ত সার সংক্ষেপ অনুযায়ী ডিএনসিসি চুক্তিপত্রে উল্লেখিত ১৪ তলা পর্যন্ত পূর্বের চেয়ে প্রায় ১০,৩৪৪ বর্গফুট ফ্লোর এরিয়া বেশী পাবে।

- বিরোধপূর্ণ ১৫-২৮ তলা পর্যন্ত নেট ফ্লোর এরিয়া ৮৯,১০০ বর্গফুট। ৩০:৭০ হারে ডিএনসিসি'র প্রাপ্যযোগ্য অংশ ২৬,৭৩০ বর্গফুট। বোরাক রিয়েল এস্টেট লিঃ কর্তৃক উক্ত ১৫-২৮ তলা পর্যন্ত অংশে ৪০:৬০ হারে ডিএনসিসিকে ৩৫,৬৪০ বর্গফুট প্রদান করতে আগ্রহ প্রকাশ করে গত ১২/০৯/২০২২ইং তারিখে পত্র প্রেরণ করেন। এতদপ্রেক্ষিতে গত ১২/০৯/২০২২ইং তারিখে দাখিলকৃত As build design অনুযায়ী দাখিলকৃত ২৮ তলা পর্যন্ত ডিএনসিসি'র নেট প্রাপ্ত অংশের সারসংক্ষেপ নিম্নরূপঃ

বিবরণ	মোট Net আয়তন (বর্গফুট)	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রাপ্ত নেট শেয়ার (বর্গফুট/ পার্কিং সংখ্যা)	বোরাক রিয়েল এস্টেট লিঃ এর প্রাপ্ত শেয়ার (বর্গফুট/ পার্কিং সংখ্যা)	ডিএনসিসি ৩০% নেট এরিয়া ১৪ তলা পর্যন্ত। ডিএনসিসি ৪০% নেট এরিয়া ১৫-২৮ তলা পর্যন্ত।
Shopping	৩৮,৩৮০	৯,১০২	২৯,২৭৮	
Office/ Hotel (Upto Level 14)	৩,৫৩,৩০৮	১,০৬,০০০	২,৪৭,৩০৮	
Level 15-28	৮৯,১০০	৩৫,৬৪০ (৪০% নেটএরিয়া)	৫৩,৪৬০ (৬০% নেটএরিয়া)	
Total Net Area	**৪,৮০,৭৮৮ বর্গফুট**	**১,৫০,৭৪২ বর্গফুট**	**৩,৩০,০৪৬ বর্গফুট**	

- বোরাক ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সাথে সম্পাদিত চুক্তি এবং বোরাক রিয়েল এস্টেট লিঃ কর্তৃক গত ১২/০৯/২০২২ইং তারিখে প্রদত্ত প্রস্তাবনার **তুলনামূলক বিবরণী** নিম্নরূপঃ

বিবরণ	মোট Net আয়তন (বর্গফুট)	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রাপ্ত নেট শেয়ার (বর্গফুট/ পার্কিং সংখ্যা)		বোরাক রিয়েল এস্টেট লিঃ এর প্রাপ্ত শেয়ার (বর্গফুট/ পার্কিং সংখ্যা)		ডিএনসিসি ৩০% নেট এরিয়া ১৪ তলা পর্যন্ত। ডিএনসিসি ৪০% নেট এরিয়া ১৫-২৮ তলা পর্যন্ত।
	চুক্তি	চুক্তি	প্রস্তাব	চুক্তি	প্রস্তাব	
Shopping	৪৩,৮৮৫	১০,৪১৫	৯,১০২	৩৩,৪৭০	২৯,২৭৮	
Office/ Hotel (Upto Level 14)	৩,০৫,৩০৮	৯৪,৩৪৩	১,০৬,০০০	২,১০,৯৬৫	২,৪৭,৩০৮	
Parking	৩০০	৯০	৬৫	২১০	৮৪	
Level 15-28			৩৫,৬৪০ (৪০% নেটএরিয়া)		৫৩,৪৬০ (৬০% নেটএরিয়া)	
Total Net Area	৩,৪৯,১৯৩	১,০৪,৭৫৮ বর্গফুট	১,৫০,৭৪২ বর্গফুট	২,৪৪,৪৩৫ বর্গফুট	৩,৩০,০৪৬ বর্গফুট	

- ৩০,০০০ টাকা প্রতি বর্গফুট হিসেবে ডিএনসিসি'র প্রাপ্য যোগ্য শেয়ার অর্থাৎ ১,৫০,৭৪২ বর্গফুটের বাজার মূল্য দাঁড়ায় ৪৫২.২৩ কোটি টাকা। ৫০ টাকা হারে ভাড়া নির্ধারণ করলে বছরে প্রায় ৯.০৫ কোটি টাকা (১,৫০,৭৪২ X ৫০/- X ১২) রাজস্ব আদায় করা সম্ভব হবে।
- চুক্তিবদ্ধ (১-১৪ তলা) ১,১৫,১০২ বর্গফুট এরিয়ার বাজার মূল্য (১,১৫,১০২ X ৩০,০০০/-) ৩৪৫.৩১ কোটি টাকা। বাৎসরিক রাজস্ব আদায় (১,১৫,১০২ X ৫০/- X ১২) ৬.৯১ কোটি টাকা।
- বিরোধপূর্ণ (১৫-২৮ তলা) ৩৫,৬৪০ বর্গফুট এরিয়ার বাজার মূল্য (৩৫,৬৪০ X

		৩০,০০০/-) ১০৬.৯২ কোটি টাকা। বাৎসরিক রাজস্ব আদায় (৩৫,৬৪০ X ৫০/- X ১২) ২.১৪ কোটি টাকা। ➢ বিরোধপূর্ণ ২.১৪ কোটি টাকার জন্য ডিএনসিসি তার চুক্তিবদ্ধ অংশের ৬.৯১ কোটি টাকার রাজস্ব বঞ্চিত হচ্ছে। ➢ ৩৪৫.৩১ কোটি টাকার সম্পদ বুঝে নেয়ার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। ➢ প্রস্তাবনা বিবেচনা করলে ডিএনসিসি আরও ১০৬.৯২ কোটি টাকার বেশি সম্পদসহ বাৎসরিক অতিরিক্ত ২.১৪ কোটি টাকার রাজস্ব আদায়ে সক্ষম হবে। বোর্ড সভার সকল সদস্য একমত পোষন করেন যে, বিরোধপূন্য ১০৬.৯২ কোটি টাকার সম্পত্তির জন্য সম্পাদিত চুক্তি মোতাবেক ৩৪৫.৩১ কোটি টাকার সম্পদ প্রায় ৮ বছর ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বেদখল অবস্থায় রয়েছে। গঠিত কমিটির প্রতিবেদন মর্মার্থ অনুসারে বাৎসরিক ৬.৯১ কোটি টাকা হিসেবে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন শুধু রাজস্ব থেকে বঞ্চিত প্রায় ৫৬.০০ কোটি টাকা। সার্বিক দিক বিবেচনায় আলোচ্য ভবন সংক্রান্তে সৃষ্ট জটিলতা এবং উক্ত জটিলতা নিরসনে উদ্যোগী সংস্থার প্রস্তাবের বিষয়ে সকল কাউন্সিলরদেরকে মতামত প্রদানের জন্য জানানো হয়। এ বিষয়ে সম্মানিত সকল সদস্য রাজস্ব আদায় বৃদ্ধি ও ডিএনসিসি'র সম্পদ রক্ষার বিষয়টি বিবেচনা করে দ্রুত সম্পদ বুঝে নেওয়ার বিষয়ে একমত পোষন করেন।
সিদ্ধান্ত	:	১। গত ২৭ নভেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় পরিষদের ১৮তম কর্পোরেশন সভায় আলোচ্য সুচী-৩ মোতাবেক গৃহীত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়ন করতে হবে। ২। বনানী সুপার মার্কেট কাম হাউজিং কমপ্লেক্স-এর শেয়ার পূর্নবন্টন সংক্রান্তে উদ্যোগী সংস্থার গত ১২/০৯/২০২২ তারিখের প্রস্তাবনা মোতাবেক As build design অনুসারে ১৪তলা পর্যন্ত চুক্তিমোতাবেক ডিএনসিসি'র হিস্যা ৩০% বোরাক রিয়েল এস্টেট ৭০% এবং বিরোধপুর্ন ১৫-২৮তলা পর্যন্ত ডিএনসিসি'র হিস্যা ৪০% বোরাক রিয়েল এস্টেট ৬০% হিস্যা প্রদান সংক্রান্তে বোরাক রিয়েল এষ্টেট প্রাঃ লিঃ কর্তৃক প্রদত্ত প্রস্তাবনা অনুযায়ী হিস্যা গ্রহন ও (৩৪৫.৩১ + ১০৬.৯২) = ৪৫২.২৩ (চার শত বায়ান্ন দশমিক দুই তিন) কোটি টাকার সম্পদ স্থানীয় সরকার বিভাগের অনুমোদন সাপেক্ষে ডিএনসিসি'র অনুকুলে বুঝে নেওয়ার বিষয়ে একমত পোষন করেন। ৩। সভার সিদ্ধান্ত এবং বনানী সুপার মার্কেট কাম হাউজিং কমপ্লেক্স এর অমীমাংসিত বিষয়ে গঠিত কমিটির দাখিলিয় প্রতিবেদনের আলোকে একটি পূর্নাঙ্গ প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরন করতে হবে।
বাস্তবায়ন	:	প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৫	:	**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় গণপরিসরে স্ট্রিট ভেন্ডর ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ব্র্যাকের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর প্রসঙ্গে।**
আলোচনা	:	প্রধান নগর পরিকল্পনাবিদ সভাকে জানান যে, মাননীয় মেয়রের নির্দেশনা অনুযায়ী ব্র্যাকের একটি টিম ডিএনসিসি'র উত্তরা এবং মিরপুরের ০২ (দুই)টি গুরুত্বপূর্ণ সড়কের বর্তমান হকারদের অবস্থা বিষয়ে একটি গবেষণা পরিচালনা করে। গবেষণায় দেখা যায়, প্রধান সড়কের গুরুত্বপূর্ণ মোড়গুলোতে হকারদের দখলে থাকায় পথচারীদের পক্ষে স্বাচ্ছন্দ্যে হাটার স্থান থাকে এবং শহরের গুরুত্বপূর্ণ মোড়গুলোতে ব্যাপক যানজট তৈরি হচ্ছে। নিয়মিত উচ্ছেদ হলেও ফুটপাত আবার বিভিন্নভাবে হকারদের দখলে চলে যায় এবং এ সকল জায়গায় দিনের বিভিন্ন সময় বিভিন্ন ধরনের হকার দেখা যায়। সাধারণত বিকেল হতে রাত পর্যন্ত হকারদের পন্য বিক্রয়ের কার্যক্রম থাকলেও সারাদিনব্যাপী তারা ঐ স্থান দখলে রাখে। কিন্তু এ সকল হকারদের কোন ডাটাবেজ ও ব্যবস্থাপনা নীতিমালা নেই। উক্ত গবেষণালব্ধ ফলাফল থেকে ব্র্যাকের পক্ষ থেকে নির্দিষ্ট কিছু সুপারিশ করা হয়। যেমন: মাল্টি স্টেকহোল্ডারের মাধ্যমে ব্যবস্থাপনা মডেল, ইনোভেটিভ টেকনোলজিক্যাল সলিউশন, ডিজাইন সলিউশন, পাবলিক হেলথ ও হাইজিন

		ব্যবস্থার উন্নয়ন ইত্যাদি এবং গণপরিসরে হকার ব্যবস্থাপনার জন্য একটি পাইলটিং করার প্রস্তাব করা হয়। তিনি বলেন, গত ২৭ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় পরিষদের ১৮তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত অনুযায়ী বিষয়টি নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির মাধ্যমে যাচাইপূর্বক পরবর্তী কর্পোরেশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির গত ০৭/১২/২০২২ তারিখের সভায় "ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় গণপরিসরে স্ট্রিট ভেন্ডর ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ব্র্যাকের সাথে সমঝোতা স্মারক কর্পোরেশন সভায় উত্থাপন ও উক্ত কার্যক্রম বাস্তবায়নকালে সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলরগণকে সম্পৃক্ত করতে হবে" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। অতপর তিনি বর্ণিত বিষয়ে নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সুপারিশ অনুমোদনের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন করেন।
সিদ্ধান্ত	:	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় গণপরিসরে স্ট্রিট ভেন্ডর ব্যবস্থাপনা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ব্র্যাকের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর এবং উক্ত কার্যক্রম বাস্তবায়নকালে সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলরগণকে সম্পৃক্ত করার বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৬	**:**	**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বৃক্ষ রোপণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে শক্তি ফাউন্ডেশনের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর প্রসঙ্গে।**
আলোচনা	:	প্রধান নগর পরিকল্পনাবিদ সভাকে জানান যে, বৈশ্বিক উষ্ণতা এবং তাপমাত্রা বৃদ্ধির বিরুদ্ধে লড়াই করতে আমাদের পরিবেশ, জলবায়ু এবং বাস্তুতন্ত্র রক্ষা, শহরাঞ্চলে বৈশ্বিক উষ্ণতা এবং তাপমাত্রা বৃদ্ধির কারণে প্রাকৃতিক ভারসাম্যহীন পরিবেশের সৃষ্টি হয়েছে। আমাদের প্রাকৃতিক সম্পদ ধ্বংস হওয়ার পাশাপাশি গাছপালাসহ মানুষ, প্রাণীর জীবনও ধ্বংস হচ্ছে। তাই শক্তি ফাউন্ডেশন স্ব-প্রণোদিত হয়ে "বৃক্ষরোপণ এবং রক্ষণাবেক্ষণ, শহরে মানুষের মানসিক প্রশান্তির জন্য পার্ক তৈরি, বনায়নের ও খেলার মাঠ তৈরির কাজ বাস্তবায়ন করার ইচ্ছা প্রকাশ করেছে। তিনি আরও উল্লেখ করেন যে, এ কার্যক্রমে ডিএনসিসি'র কোন আর্থিক সংশ্লেষ নেই। তিনি বলেন, গত ২৭ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত ২য় পরিষদের ১৮তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত অনুযায়ী বিষয়টি নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির মাধ্যমে যাচাইপূর্বক পরবর্তী কর্পোরেশন সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির গত ০৭/১২/২০২২ তারিখের সভায় "ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বৃক্ষ রোপণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে শক্তি ফাউন্ডেশনের সাথে সমঝোতা স্মারক কর্পোরেশন সভায় উত্থাপন ও উক্ত কার্যক্রম বাস্তবায়নকালে সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলরগণকে সম্পৃক্ত করতে হবে" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। অতপর, তিনি বর্ণিত বিষয়ে নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সুপারিশ অনুমোদনের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন করেন।
সিদ্ধান্ত	:	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বৃক্ষ রোপণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে শক্তি ফাউন্ডেশনের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর এবং উক্ত কার্যক্রম বাস্তবায়নকালে সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলরগণকে সম্পৃক্ত করার বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৭	:	**পোস্টার ও বিজ্ঞাপন নিয়ন্ত্রণ সংক্রান্ত।**
আলোচনা	:	প্রধান নগর পরিকল্পনাবিদ সভাকে জানান যে, বিগত ০৭/১২/২০২২ তারিখ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সভার আলোচ্যসূচি-৪.৫ নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী প্রচার বোর্ড স্থাপন সংক্রান্ত পাইলটিং কার্যক্রম বাস্তবায়নের জন্য ১৪ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরের নেতৃত্বে সিইউএস প্রতিনিধি, ভূমিজ সংগঠনের প্রতিনিধি ও ইউএনডিপি প্রতিনিধিদের সমন্বয়ে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী ১৪ নং ওয়ার্ডে প্রচার বোর্ড স্থাপনের পাইলটিং কার্য্যক্রম গ্রহণ করা হয়। সে প্রেক্ষিতে জনাব মোঃ হুমায়ুন রশিদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং ১৪ মহোদয়কে সভাপতি করে সিইউএস প্রতিনিধি, ভূমিজ সংগঠনের প্রতিনিধি ও ইউএনডিপি প্রতিনিধিদের সমন্বয়ে পোস্টার ও বিজ্ঞাপন নিয়ন্ত্রণ করার জন্য একটি কমিটি প্রস্তাব করা হয়েছে। উক্ত কমিটি অবৈধ পোস্টার নিয়ন্ত্রন ও সিটি কর্পোরেশনের বিজ্ঞাপন ও পোস্টারের জন্য স্থান নির্ধারণ করবেন, নির্দিষ্ট ডিজাইনের প্রচার বোর্ড নির্দিষ্ট স্থানে স্থাপন করবে এবং অবৈধ পোস্টারিং রোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। উক্ত কার্যক্রম যা পরীক্ষামূলকভাবে প্রাথমিক পর্যায়ে পাইলটিং হিসেবে পরিচালিত হবে। এই অভিজ্ঞতা থেকে পরবর্তীতে সমগ্র ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় পদ্ধতিগতভাবে পরিচালনা করা হবে। অতপর তিনি নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটির সুপারিশ অনুযায়ী প্রচার বোর্ড স্থাপন সংক্রান্ত পাইলটিং কার্যক্রম বাস্তবায়নের জন্য ১৪ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরের নেতৃত্বে সিইউএস প্রতিনিধি, ভূমিজ সংগঠনের প্রতিনিধি ও ইউএনডিপি প্রতিনিধিদের সমন্বয়ে কমিটি গঠনের বিষয়টি অনুমোদনের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন, বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি প্রতিটি ওয়ার্ডে প্রচার বোর্ডের নির্দিষ্ট স্থান নির্ধারণের জন্য সম্মানিত কাউন্সিলরদের অনুরোধ জানান। এছাড়াও তিনি বলেন, মেট্রোরেল এবং এলিভেটেড এক্সপ্রেস ওয়ের পিলারে কোন ধরনের পোস্টার, ব্যানার, ফেস্টুন লাগানো যাবে না। এ বিষয়ে গণবিজ্ঞপ্তি জারি করা হবে মর্মে সভাকে জানান।
সিদ্ধান্ত	:	১। প্রচার বোর্ড স্থাপন সংক্রান্ত পাইলটিং কার্যক্রম বাস্তবায়নের জন্য ১৪ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরের নেতৃত্বে সিইউএস প্রতিনিধি, ভূমিজ সংগঠনের প্রতিনিধি ও ইউএনডিপি প্রতিনিধিদের সমন্বয়ে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। ২। মেট্রোরেল এবং এলিভেটেড এক্সপ্রেস ওয়ের পিলারে কোন ধরনের পোস্টার, ব্যানার, ফেস্টুন লাগানো বন্ধে গণবিজ্ঞপ্তি জারির সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৮	:	**৪০ নং ওয়ার্ডের ভাটারা এলাকার নাম পূর্ব ভাটারা ও পশ্চিম ভাটারা হিসেবে হোল্ডিং নম্বর প্রদান প্রসঙ্গে।**
আলোচনা	:	প্রধান নগর পরিকল্পনাবিদ সভাকে জানান যে, ৪০ নং ওয়ার্ডের ভাটারা এলাকার হোল্ডিং নম্বর প্রদান কার্যক্রম পরিচালনা করার সময় ভাটারা এলাকাকে উত্তর ও দক্ষিণ ভাটারা নামে হোল্ডিং লিপিবদ্ধ করা হয়। যা ইতোপূর্বে পূর্ব ভাটারা ও পশ্চিম ভাটারা নামে প্রচলিত এবং এলাকাবাসীর জাতীয় পরিচয়পত্রে গ্রাম/রাস্তা নামে পূর্ব ভাটারা, পশ্চিম ভাটারা হিসেবে লিপিবদ্ধ হয়েছে। তাই ভাটারা এলাকাবাসীর জাতীয় পরিচয়পত্রের ঠিকানায় গ্রাম/রাস্তা নাম পূর্ব ভাটারা ও পশ্চিম ভাটারা অনুযায়ী হোল্ডিং নম্বর প্রদানের জন্য এলাকাবাসী কর্তৃক অনুরোধ করা হয়েছে। সরেজমিনে পরিদর্শন করে দেখা যায়, উক্ত এলাকাটি পূর্ব ভাটারা ও পশ্চিম ভাটারা নামে পূর্ব থেকেই পরিচিত, বর্তমানে রাজস্ব বিভাগের এ্যাসেসমেন্ট দিক অনুযায়ী উত্তর দক্ষিণ হিসেবে নির্ধারণ করা হয়েছে। এতে করে এলাকার মানুষের ঠিকানা নির্ধারণ সংক্রান্ত কাজে দ্বৈততা সৃষ্টি

		হচ্ছে। উক্ত এলাকার সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলর পূর্বের নাম অনুযায়ী এলাকার বাড়ির হোল্ডিং নম্বর প্রদানের অনুরোধে জানিয়েছেন। অতপর তিনি রাজস্ব বিভাগের হোল্ডিং সংক্রান্ত কার্যক্রমে ৪০ নং ওয়ার্ডের ভাটারা এলাকার পূর্বের নাম "পূর্ব ভাটারা ও পশ্চিম ভাটারা" হিসেবে অপরিবর্তিত রাখার জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন করেন।
সিদ্ধান্ত	:	রাজস্ব বিভাগের হোল্ডিং সংক্রান্ত কার্যক্রমে ৪০ নং ওয়ার্ডের ভাটারা এলাকার পূর্বের নাম " পূর্ব ভাটারা ও পশ্চিম ভাটারা" হিসেবে অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়ন	:	প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

আলোচ্যসূচি-৯ : তারকা চিহ্নিত হোটেলসমূহ থেকে নগর কর (City Tax) আদায় সংক্রান্ত।

আলোচনা :

প্রধান রাজস্ব কর্মকর্তা সভাকে জানান যে, আদর্শ কর তফসিল, ২০১৫ (সংশোধিত ২০১৬) এর ৯ ধারা মোতাবেক কর্পোরেশন এলাকায় অবস্থারকারীর উপর নগর করঃ **(১) সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত হোটেলে অবস্থানকারীর নিকট হইতে কক্ষের ভাড়ার উপর নিম্ন বর্ণিত হারে নগর কর আদায় করা যাইবে, যথা: -**

ক্রম	হোটেলের ধরণ	সর্বোচ্চ কর হারের পরিমান
(ক)	পাঁচ তারকা হোটেল	৫%
(খ)	চার তারকা হোটেল	৪%
(গ)	তিন তারকা হোটেল	৩%

(২) হোটেল কর্তৃপক্ষ কক্ষের ভাড়ার সাথে উপ-দফা (১) এ উল্লিখিত নগর কর আদায়পূর্বক সিটি কর্পোরেশনকে প্রদান করিবে।

বিধি মোতাবেক নগর কর (City Tax) হোটেল কর্তৃপক্ষকে একাধিকবার পত্র প্রেরণসহ তাদের সমন্বয়ে বারংবার সভা করা হয়। **বিভিন্ন হোটেল মালিকগণের দাবীর প্রেক্ষিতে আদর্শ কর তফসিল, ২০১৬ এর ধারা ০৯ এ উল্লিখিত বিষয়ে পুন: বিবেচনার জন্য** বাংলাদেশ ইন্টারন্যাশনাল হোটেল অ্যাসোসিয়েশন (বিহা) কর্তৃক আবেদন দাখিল করা হয়।

সে প্রেক্ষিতে, মাননীয় মেয়র এর সভাপতিত্বে গত ০৭/১১/২০২২খ্রি. সভা আহবান করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত নিম্নরূপঃ

(ক) তারকা চিহ্নিত হোটেল এর জন্য নিম্নরূপ হারে নগর কর ধার্যের প্রস্তাব করা হয়:

ক্রম	হোটেলের ধরণ	কর হারের পরিমান
(ক)	পাঁচ তারকা হোটেল	১.৫০%
(খ)	চার তারকা হোটেল	১.০০%
(গ)	তিন তারকা হোটেল	০.৭৫%

উপর্যুক্ত নগর কর জানুয়ারী, ২০২৩খ্রি. হতে ধার্য করাসহ অনুমোদনের জন্য পরবর্তী কর্পোরেশন সভায় উপস্থাপনের বিষয়ে সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।
(খ) সকল তারকা চিহ্নিত হোটেলসমূহ ০১/০১/২০২৩ তারিখ হতে নির্ধারিত হারে নগর কর পরিশোধের কার্যক্রম শুরু করবেন।

		(গ) আদর্শ কর তফসিল, ২০১৫ প্রকাশের তারিখ অর্থাৎ মার্চ, ২০১৫খ্রি. থেকে ডিসেম্বর, ২০২২খ্রি. পর্যন্ত বকেয়া নগর কর পরিশোধের বিষয়েটি আলোচনা সাপেক্ষ পরবর্তী সভায় সিদ্ধান্ত গৃহীত হবে। এছাড়াও, প্রধান প্রকৌশলীর সভাপতিত্বে গত ১৮/১২/২০২২খ্রি. তারকা চিহ্নিত হোটেলসমূহ থেকে নগর কর (City Tax) আদায়ের লক্ষ্যে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত নিম্নরূপঃ (ক) পাঁচ তারকা হোটেল ১.৫০% (খ) চার তারকা হোটেল ১.০০% (গ) তিন তারকা হোটেল ০.৭৫% হারে নগর কর জানুয়ারী, ২০২৩খ্রি. হতে ধার্য করাসহ অনুমোদনের জন্য পরবর্তী কর্পোরেশন সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) প্রতিমাসের নগর কর (City Tax) পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে পরিশোধ সিদ্ধান্ত গৃহীত হয়। নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধ করতে ব্যর্থ হলে পরবর্তী ৭ (সাত) দিন পর থেকে আদায় যোগ্য নগর কর (City Tax) এর উপর ১.২৫% (প্রতিমাস) হার সারচার্জ আরোপ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি, নগর কর (City Tax) আদায়ের লক্ষ্যে অনুষ্ঠিত সভার সুপারিশ অনুমোদনের জন্য কর্পোরেশন সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন, ঢাকা শহরে তারকা বিহীন অনেক আবাসিক হোটেল রয়েছে। নগর কর ফাকি দিয়ে ব্যবসা পরিচালনা করে যাচ্ছে। তিনি প্রতি ওয়ার্ডের আবাসিক হোটেল এর তালিকা তৈরির জন্য সম্মানিত কাউন্সিলরদের সহযোগিতা করার অনুরোধ করেন।
সিদ্ধান্ত	:	১। (ক) পাঁচ তারকা হোটেল ১.৫০% (খ) চার তারকা হোটেল ১.০০% (গ) তিন তারকা হোটেল ০.৭৫% হারে নগর কর ১লা জানুয়ারী, ২০২৩খ্রি. হতে ধার্য করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ২। প্রতিমাসের নগর কর (City Tax) পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে পরিশোধ সিদ্ধান্ত গৃহীত হয়। নির্ধারিত তারিখের মধ্যে পরিশোধ করতে ব্যর্থ হলে পরবর্তী ৭ (সাত) দিন পর থেকে আদায় যোগ্য নগর কর (City Tax) এর উপর ১.২৫% (প্রতিমাস) হার সারচার্জ আরোপ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। আদর্শ কর তফসিল, ২০১৫ প্রকাশের তারিখ অর্থাৎ মার্চ, ২০১৫খ্রি. থেকে ডিসেম্বর, ২০২২খ্রি. পর্যন্ত বকেয়া নগর কর আদায়ের বিষয়ে পরবর্তীতে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
বাস্তবায়ন	:	প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

বিবিধ:

২.০ বিবিধ আলোচনায় অংশগ্রহণ করে জনাব মোঃ হুমায়ুন রশিদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৪, ভিন্নধর্মী কর্পোরেশন সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য সভার সভাপতিকে ধন্যবাদ জানান। তিনি বলেন, এ আয়োজনের মাধ্যমে আমরা ডিএনসিসি'র সকলে মিলিত হয়েছি। ডিএনসিসি'র প্রত্যেকটি সদস্য একত্র হয়ে কাজ করলে যেকোন অসাধ্যকে সাধন করা সম্ভব হবে। তিনি আরও বলেন, মাননীয় মেয়রের নেতৃত্বে সকল কাউন্সিলররা মিলে ডিএনসিসি'কে বিশ্ব দরবারে উপস্থাপন করা সম্ভব।

জনাব মোঃ জামাল মোস্তফা, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-০৪ উপস্থিত সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি বলেন, দীর্ঘদিন যাবৎ কাউন্সিলরগণ জনসেবা করে আসছে। কাউন্সিলরগণকে স্বরণীয় করে রাখার জন্য প্রতি ওয়ার্ডে সম্মানিত কাউন্সিলরগণের নামে একটি করে রাস্তার নামকরণের প্রস্তাব করেন। অতপর তিনি, আনন্দঘন, সুন্দর ও মনোরম পরিবেশে কর্পোরেশন সভা আয়োজনের জন্য সভাপতিকে ধন্যবাদ জানান। তিনি মাননীয় মেয়রের বিচক্ষণতা, সুদূর প্রসারী চিন্তাভাবনার মাধ্যমে ঢাকা উত্তর সিটিকে একটি সুস্থ্য, সচল ও আধুনিক ঢাকা হিসেবে গড়ে তোলার আশাবাদ ব্যক্ত করে বক্তব্য শেষ করেন।

২.১ সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত বিবিধ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২য় পরিষদে নির্বাচিত সম্মানিত কাউন্সিলর/সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের নামে সংশ্লিষ্ট ওয়ার্ডে একটি করে রাস্তা নামকরণ বিষয়ে বিদ্যমান আইন/বিধিমালা/নীতিমালা যাচাই করে একটি বিস্তারিত রূপরেখা তৈরির জন্য ডিএনসিসি'র নামকরণ সংক্রান্ত উপকমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান নগর পরিকল্পনাবিদ

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আতিকুল ইসলাম
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি
কর্পোরেশন সভা

তারিখ: ১২/০১/২০২৬

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৩.২০- ৬৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ..../সংরক্ষিত আসন নং ...., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. বিভাগীয় প্রধান (সকল), ... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল .... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সচিব দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৬. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়েরসদয়অবগতির জন্য।

৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯. প্রকল্প পরিচালক, ... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১. নির্বাহী প্রকৌশলী, ... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২. কর কর্মকর্তা, ... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩. সহকারী স্বাস্থ্য কর্মকর্তা .... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ... (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫. সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, সাধারণ প্রশাসন শাখা ও প্রশিক্ষণ কোষ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৬. অফিস কপি।

22/02/2026

মোহাম্মদ মাসুদ আলম ছিদ্দিক
সচিব (যুগ্মসচিব)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।